বাংলা কথাসাহিত্যে চৈতন্য ব্যক্তিত্ব ও প্রভাবের নববীক্ষণ

পিএইচ.ডি উপাধির জন্য প্রদত্ত গবেষণা অভিসন্দর্ভের সংক্ষিপ্তসার

গবেষক

মুনমুন দাস

রেজিস্ট্রেশন: ১১ই জুলাই, ২০১৪। রেজিস্ট্রেশন নম্বর: A00BE1100214

তত্ত্বাবধায়ক

ড. সত্যবতী গিরি

অবসরপ্রাপ্ত অধ্যাপিকা, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

এবং

ড. রাজ্যেশ্বর সিন্‌হা

অধ্যাপক, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

২০২১

ভূমিকা

শ্রীচৈতন্যদেবের আবির্ভাব বাংলা তথা ভারতের ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা। ষোড়শ শতক থেকে আরম্ভ করে অষ্টাদশ শতক পর্যন্ত প্রায় তিনশ বছর ধরে চৈতন্যদেবের প্রভাব বাঙালি মানস পরিমণ্ডলকে বিচিত্র দিকে সম্প্রসারিত করেছে। ব্যক্তিবিশেষকে কেন্দ্র করে একটি দেশের জাতীয়, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় ইতিহাসে, সর্বোপরি সাহিত্য ধারায় যে বিপুল আলোড়ন সৃষ্টি হতে দেখা যায় তাকে অনেকেই 'চৈতন্য রেণেসাঁস' বলে অভিহিত করেছেন। আর এই রেণেসাঁস বা নবজাগরণের প্রভাব কেবল ষোড়শ থেকে অষ্টাদশ শতকেই সীমাবদ্ধ থাকে নি। ঊনবিংশ-বিংশ-একবিংশ শতকেও এই চৈতন্য রেঁণেসাসের প্রভাব অব্যাহত রয়েছে বাংলা সাহিত্যে নিরন্তর চৈতন্যচর্চার মধ্যে দিয়ে। ড. সত্যবতী গিরির মতে, "উনবংশ শতাব্দীর নবজাগরণ যুগেও চৈতন্যপ্রভাবিত বৈষ্ণব ধর্মের প্রভাব বাঙালির সাহিত্য সৃজনের বিচিত্র শাখাকে দেশীয় ঐতিহ্যের ভাবপ্রেরণায় পুষ্ট করেছে।"[১]

বর্তমানে বাংলা সাহিত্যে চৈতন্যদেব গুরুত্বপূর্ণ বিষয়। বাংলা সাহিত্যের বিভিন্ন শাখায় প্রবন্ধ, নাটক, কবিতা, গল্প এমনকি উপন্যাসেও চৈতন্যদেবের গভীর প্রভাবের পরিচয় পাওয়া যায়। সাম্প্রতিককালে চৈতন্য ব্যক্তিত্বের প্রভাব সবচেয়ে বেশি দেখা যায় বাংলা কথাসাহিত্যে। বিংশ ও একবিংশ শতকে তাঁকে নিয়ে রচিত হয়ে চলেছে একের পর এক উপন্যাস, ছোটগল্প। আধুনিক কথাসাহিত্যকদের হাত ধরে বাংলা উপন্যাস ও ছোটগল্পে চৈতন্যদেবের জীবনের নানা দিক নতুন নতুন দৃষ্টিভঙ্গি থেকে কীভাবে উঠে এসেছে তাই যুক্তি-তথ্যের আলোকে বিচার-বিশ্লেষণ ও আলোচনার চেষ্টা করেছি এই গবেষণা পত্রে। চৈতন্যদেবের সুদূরপ্রসারী প্রভাব বাংলা কথাসাহিত্য জগতে কীভাবে প্রতিফলিত হয়ে উঠেছে, কীভাবে আধুনিক কথাশিল্পীদের কলমে চৈতন্য ব্যক্তিত্বের নবনির্মাণ, বিনির্মাণ ঘটে চলেছে, চৈতন্য সংস্কৃতি ও ঐতিহ্যের ধারা কীভাবে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করে চলেছে, নববীক্ষণে চৈতন্য ব্যক্তিত্বের সেই প্রভাব অন্বেষণই এই গবেষণা পত্রের অন্বিষ্ট।

প্রথম অধ্যায়: শ্রীচৈতন্য জীবনকথা

প্রথম অধ্যায়ে আমরা চৈতন্যদেবের অলোকসামান্য মহাজীবনের একটি প্রতিচ্ছবি তুলে ধরেছি। চৈতন্যদেবের আবির্ভাব, তার বংশপরিচয়, নিমাইয়ের নামকরণ, বাল্যলীলা, বিদ্যাশিক্ষা, বিবাহ, পাণ্ডিত্য, অধ্যাপনা, পূর্ববঙ্গে গমন, জগাই-মাধাই উদ্ধার, কাজীদলন এবং নিমাইয়ের সন্ন্যাসগ্রহণ প্রভৃতি নিমাইয়ের নবদ্বীপ লীলা যেমন বর্ণনা করেছি তেমনি নিমাইয়ের সন্ন্যাস পরবর্তী নীলাচল গমন, দক্ষিণ ভারত পরিভ্রমণ, গৌড়যাত্রা, রূপ-সনাতন উদ্ধার, পুরীতে আগমন, জগন্নাথ দর্শন, সার্বভৌম উদ্ধার, রায়-রামানন্দের সঙ্গে মিলন, স্বরূপ দামোদরের নিকট স্বপ্ন বৃত্তান্ত কথন প্রভৃতি শ্রীচৈতন্যের নীলাচল পর্ব এবং তাঁর দিব্যোন্মাদ অবস্থা ও তাঁর তিরোধান সম্পর্কে সবিস্তারে আলোচনা করেছি।

দ্বিতীয় অধ্যায়: চৈতন্যজীবনী কাব্যগুলির পরিচয় ও প্রাসঙ্গিকতা

চৈতন্যদেবের এই মহাজীবনের কথা আমরা জানতে পারি বিভিন্ন চৈতন্যচরিতকাব্য থেকে। মধ্যযুগে যেখানে সাহিত্য হয়ে উঠেছিল দেবদেবীর মাহাত্ম্য কীর্তন, ধর্ম ও অলৌকিকতায় পূর্ণ সেখানে চৈতন্য জীবনী সাহিত্যে এল মানুষ। শুধু মানুষ নয়, সেই মানুষের গৃহ, পরিবার, সমাজ ও সমসাময়িক পরিবেশের কথা। এই গ্রন্থগুলি থেকে তৎকালীন সময়ের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক পরিবেশের পরিচয় পাওয়া যায় যা মধ্যযুগের বাংলা সাহিত্যের পক্ষেই যে এক বিশেষ সম্পদ তাই নয়, এর মধ্যে উপন্যাসের লক্ষণ বা ক্ষীণ সংকেতও আমরা পেয়ে থাকি। ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের মতে , " কাব্যে, ধর্ম-গ্রন্থে, ... যেখানেই লেখকের জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে সমাজের একটি বাস্তব চিত্র প্রতিফলিত হয় ... সেখানেই উপন্যাসের ভাবী ছায়াপাত হইয়া থাকে।"[২] আর এই চৈতন্যজীবনী কাব্যগুলি থেকে উপাদান সংগ্রহ করে আধুনিক কথাসাহিত্যিক কল্পনা ও

বাস্তবের সংমিশ্রণ ঘটিয়ে সম্ভাবতাকে আখ্যানভাগে বিন্যস্ত করে উপন্যাস ও ছোটগল্পের সংরূপে চৈতন্য ব্যক্তিত্ব ও প্রভাবের বিনির্মাণ করেছেন। তাই আমাদের গবেষণায় প্রাসঙ্গিক ভাবেই চৈতন্যজীবনী কাব্যগুলি আলোচনার অপেক্ষা রাখে। আমরা দ্বিতীয় অধ্যায়ে সংস্কৃত ও বাংলায় রচিত চৈতন্যজীবনী কাব্যগুলি নিয়ে আলোচনা করেছি।

এই অধ্যায়ে আমরা দেখানোর চেষ্টা করেছি যে চৈতন্যজীবনী সাহিত্যের উপাদানগুলি কীভাবে কথাশিল্পীদের শিল্পিত সচেতন দৃষ্টিভঙ্গিতে বাংলা উপন্যাস ও ছোটগল্পে নবতর ব্যঞ্জনা লাভ করেছে। 'চৈতন্যভাগবতে' বৃন্দাবন দাস চৈতন্যচরিত্রে করুণ কোমলতার সঙ্গে একটা রুদ্র কঠিন মূর্তিও অঙ্কণ করেছেন যার পরিচয় আমরা পাই জগাই-মাধাই উদ্ধার এবং কাজী দলনের মতো ঘটনায়। এইখানে চৈতন্যদেবের নেতৃত্বে যে গণ আন্দোলনের পটভূমি রচিত হয়েছিল, চৈতন্যদেবের সেই প্রতিবাদী গণশক্তির জাগরুক সত্তার পরিচয়ই পরবর্তী উপন্যাসে নায়করূপে চৈতন্যচরিত্র নির্মাণের উপাদান হয়ে উঠেছে যার পরিচয় আমরা পাই কালকূটের 'জ্যোতির্ময় শ্রীচৈতন্য', ড. দীপকচন্দ্রের 'সচল জগন্নাথ শ্রীকৃষ্ণ চৈতন্য' প্রভৃতি উপন্যাসে।

আবার জয়ানন্দ 'চৈতন্যমঙ্গলে' চৈতন্যদেবের তিরোধান সম্পর্কে সেই সময়ে দাঁড়িয়েও সাহসিকতার সঙ্গে একটি বাস্তব কাহিনী উপস্থাপন করেছেন। জয়ানন্দের বর্ণনা অনুযায়ী "আষাঢ় বঞ্চিতা রথ বিজয় নাচিতে।/ ইটাল বাজিল বাম পায় আচম্বিতে।।/ ······ চরণে বেদনা বড় ষষ্ঠী দিবসে।/ সেই লক্ষে টোটাএ শয়ন অবশেষে।।/ পণ্ডিত গোসাইকে কহিল সর্ব্বকথা।/ কালি দশ দণ্ড রাত্রে চলিব সর্বথা।।··· মায়া-শরীর থাকিল ভূমে পড়ি।/ চৈতন্য বৈকুণ্ঠ গেলা জম্বুদ্বীপ ছাড়ি।।"[৩] চৈতন্যদেবের মৃত্যু সংক্রান্ত জয়ানন্দের এই তথ্যটি ভক্ত বৈষ্ণবের কাছে গ্রহণযোগ্য না হলেও আধুনিক পাঠক সমালোচকের কাছে অনেক বেশি যুক্তিসম্মত বিশ্বাসযোগ্য। চৈতন্যদেবের অন্তর্ধান রহস্য নিয়ে বিংশ ও একবিংশ শতকে বহুবিধ চর্চা শুরু হয়। ১৯৭৬ সালে ডঃ জয়দেব মুখোপাধ্যায় প্রথম এ বিষয়ে উপন্যাস লিখলেন 'কাঁহা গেলে তোমা পাই'। এরপর ২০১৩ সালে রূপক সাহা লিখলেন 'ক্ষমা কর হে প্রভু'। এইভাবে চৈতন্যচরিত সাহিত্যের উপাদানকে কেন্দ্র করে অভিনব দৃষ্টিভঙ্গি থেকে, নতুন নতুন ভাবনা-চিন্তার প্রসার ঘটতে থাকে আধুনিক উপন্যাস ও ছোটগল্পে।

তৃতীয় অধ্যায় : ঊনবিংশ শতকের কথাসাহিত্যে চৈতন্যদেবের প্রভাব

বাংলা কথাসাহিত্যের প্রথম যর্থাথ শিল্পী বঙ্কিমচন্দ্রের হাত ধরেই বাংলা উপন্যাস শিল্পের আবির্ভাব। বাংলাদেশে ঊনবিংশ শতকের রেণেসাঁস যুগের শিক্ষিত শ্রেষ্ঠ বঙ্কিমচন্দ্র পজিটিভ যুক্তিধর্মী দৃষ্টিভঙ্গি থেকে চৈতন্য ব্যক্তিত্ব ও প্রভাবের বিচার-বিশ্লেষণ করেছেন। 'আনন্দমঠে'র সন্তানরা যে বৈষ্ণব ধর্মে দীক্ষিত তা চৈতন্যদেবের বৈষ্ণব ধর্ম থেকে সম্পূর্ণ ভিন্ন। চৈতন্যদেবের ইষ্টদেবতা প্রেমময় শ্রীকৃষ্ণ, সন্তানদের ইষ্টদেবতা শক্তিময়, দুষ্টের দমনকারী অসুর সংহারী শ্রীবিষ্ণু। তাই সত্যানন্দের মনে হয়েছে "চৈতন্যদেবের বৈষ্ণবধর্ম প্রকৃত বৈষ্ণবধর্ম নহে – উহা অর্ধেক মাত্র। চৈতন্যদেবের বিষ্ণু প্রেমময় – কিন্তু ভগবান কেবল প্রেমময় নহেন – তিনি অনন্ত শক্তিময়। ··· আমরা উভয়েই বৈষ্ণব – কিন্তু উভয়েই অর্ধেক বৈষ্ণব।"[৪] বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাসে কীভাবে চৈতন্যদেবের আদর্শের প্রতিফলন ঘটেছে, শ্রীচৈতন্য প্রবর্তিত বৈষ্ণবধর্ম থেকে 'আনন্দমঠে'র সন্তানদের পালিত তথা বঙ্কিমচন্দ্রের অনুসৃত বৈষ্ণব ধর্মের পার্থক্য কোথায় ও কেন; 'মৃণালিনী' ও 'বিষবৃক্ষ' উপন্যাসে কীভাবে বৈষ্ণব পদাবলীর প্রসঙ্গ এসেছে তাই নিয়েই আমরা এই অধ্যায়ে আলোচনা করেছি।

চতুর্থ অধ্যায় : বিংশ শতকের প্রথমার্ধে কথাসাহিত্যে চৈতন্য ব্যক্তিত্ব ও তাঁর প্রভাবের প্রতিফলন

বিংশ শতকের প্রথমার্ধে কথাসাহিত্যে চৈতন্য ব্যক্তিত্ব ও তাঁর প্রভাবের প্রতিফলন অন্বেষণ করতে গিয়ে আমরা রবীন্দ্রনাথ ঠাকুর, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, সরোজকুমার রায়চৌধুরী প্রমুখ লেখকদের উপন্যাসে কীভাবে ঘুরে ফিরে এসেছে চৈতন্য প্রসঙ্গ, চৈতন্যদেবের উদার প্রেমনীতির অনুপ্রেরণায় উপন্যাসের চরিত্রগুলি কীভাবে নতুন মাত্রা পেয়েছে, গ্রাম বাংলার বাউল-বোষ্টম-বৈষ্ণবদের জীবনে চৈতন্য প্রবর্তিত নব্য বৈষ্ণব ধর্মের প্রভাব কীভাবে প্রতিফলিত হয়েছে তাই কয়েকটি পরিচ্ছেদে বিভক্ত করে আলোচনা করেছি।

প্রথম পরিচ্ছেদ : রবীন্দ্র সাহিত্যে ও জীবনদর্শনে নববীক্ষণে চৈতন্য

চৈতন্যদেবের দৃঢ় ব্যক্তিত্ব এবং উদার প্রেমভক্তির বিরাট মানবিকতার স্বরূপ উপলব্ধি করে রবীন্দ্রনাথ লিখেছিলেন "আমাদের বাঙালির মধ্য হইতেই তো চৈতন্য জন্মিয়াছিলেন। তিনি তো বিঘাকাঠার মধ্যে বাস করিতেন না, তিনি তো সমস্ত মানবকে আপনার করিয়াছিলেন। তিনি বিস্তৃত মানবপ্রেমে বঙ্গভূমিকে জ্যোতির্ময়ী করিয়া তুলিয়াছিলেন।"[৫] সাম্প্রদায়িক সংকীর্ণ দৃষ্টি থেকে মুক্ত হয়ে চৈতন্য যে ভালবাসার ধর্মে জাতিকে উজ্জীবিত করতে চেয়েছিলেন রবীন্দ্রনাথ তাকেই অভিনন্দন জানিয়েছেন "…… আসল কথা, বাংলায় সেই একদিন সমস্ত একাকার হইবার জো হইয়াছিল। …দেখিতে দেখিতে এমনি একাকার হইল যে, জাতি রহিল না, কুল রহিল না, হিন্দু-মুসলমানেও প্রভেদ রহিল না।"[৬] চৈতন্যদেবের মতো রবীন্দ্রনাথও হিন্দু-মুসলিম সাম্প্রদায়িকতার উর্ধ্বে মানবতার জয়গান রচনা করেছেন। শুধু তাই নয় চৈতন্য প্রবর্তিত এই ঐক্যবোধ জাতির জীবনে পুনরায় ফিরে আসবে বলে রবীন্দ্রনাথ আশা প্রকাশ করে বলেছেন – "তাই আশা হইতেছে, আর একদিন হয়তো আমরা একই মত্ততায় পাগল হইয়া সহসা এক জাতি হইয়া উঠিতে পারিব। বৈঠকি ধ্রুপদ খেয়াল ছাড়িয়া রাজপথী কীর্তন গাহিতে পারিব। …সেই আর একদিন বাংলা একাকার হইবে।"[৭] এ থেকে বোঝা যায় চৈতন্যদেব যে ভাবান্দোলনের দূত হয়ে এসেছিলেন, বৈঠকি ধ্রুপদ ছেড়ে রাজপথী কীর্তনের বন্যা বইয়ে দিয়েছিলেন, উনিশ শতকের পরাধীন চেতনায় সেই ভাবান্দোলনের প্রাণশক্তিকে, সেই একাত্মবোধের প্রমত্ততাকে ঐতিহাসিক কারণেই রবীন্দ্রনাথ মনে প্রাণে চাইছেন। ঔপনিবেশিক শাসনের দাসত্ব থেকে যে মুক্তির আকাঙ্ক্ষা জেগেছিল, স্বাধীন হবার জন্যে যে বৃহৎ ভাবের সঙ্গে একাত্মবোধের প্রয়োজন ছিল সেই চিন্তার সূত্রেই চৈতন্যদেবের ভাবান্দোলন রবীন্দ্রনাথের কাছে তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছিল। চৈতন্যদেবের বিস্তৃত মানবপ্রেমের ঐতিহাসিক তাৎপর্য এখানেই।

রবীন্দ্র কথাসাহিত্যের বিবিধ প্রসঙ্গেও কীভাবে বার বার চৈতন্য অনুষঙ্গ , বৈষ্ণব ধর্ম ও বৈষ্ণব পদাবলীর ব্যবহার রবীন্দ্র মানসে চৈতন্য চেতনাকেই স্মরণ করিয়ে দেয় তাও আমরা এই অধ্যায়ে আলোচনা করেছি। কেবল তাই নয়, তাঁর সৃষ্ট উপন্যাসের চরিত্রগুলির উপরও চৈতন্যব্যক্তিত্বের প্রভাবের প্রতিফলন লক্ষ করা যায়। যেমন 'গোরা' উপন্যাসে গোরার

রূপচিত্র ও চরিত্র গঠনে চৈতন্যদেবের প্রভাব, 'ঘরে-বাইরে' নিখিলেশের বিচ্ছেদ যন্ত্রনা বোঝাতে বিদ্যাপতির পদের ব্যবহার, 'চতুরঙ্গ' উপন্যাসে লীলানন্দ স্বামীর উপাখ্যানে বৈষ্ণব ধর্মের গুরুবাদী সাধনার স্বরূপ উন্মোচন ও রসচর্চার ভয়ঙ্কর পরিণতির দৃষ্টান্ত উপস্থাপন; এছাড়া 'বউ ঠাকুরাণীর হাট' উপন্যাসে বসন্ত রায় চরিত্রটির মধ্যে দিয়ে বৈষ্ণব পদাবলী সঙ্গীতের মাধুর্য প্রকাশ, শত্রুকে মিত্র করে তোলা, সংঘর্ষের পরিবর্তে শান্তির বার্তা প্রচার, 'রাজর্ষি' উপন্যাসে অহিংস প্রেমধর্মের জয় ঘোষণা, আর এই অহিংস প্রেমধর্মই বৈষ্ণব ধর্মের তথা চৈতন্য ধর্মের মূল কথা প্রভৃতি উপন্যাসগুলিতে কীভাবে বার বার বিবিধ অনুষঙ্গে চৈতন্যদেবের প্রভাব প্রতিফলিত হয়েছে তাই আমরা এই পরিচ্ছেদে আলোচনার চেষ্টা করেছি।

দ্বিতীয় পরিচ্ছেদ: তারাশঙ্করের উপন্যাসে চৈতন্যদেব ও বৈষ্ণব ধর্ম-সংস্কৃতির প্রতিফলন

এই পরিচ্ছেদে আমরা রবীন্দ্রোত্তর পর্বের যথার্থ কথাশিল্পী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে চৈতন্য প্রভাবিত বৈষ্ণব ধর্ম ও সংস্কৃতির রূপ এবং রাঢ় বাংলার আউল- বাউল-বোষ্টম ও সহজিয়া সম্প্রদায়ের জীবন চিত্রের প্রতিফলন কীভাবে ঘটেছে সে বিষয়ে আলোকপাত করেছি। চৈতন্যদেবের বৈষ্ণব ধর্মান্দোলন এমন এক সংস্কৃতির বাতাবরণ তৈরি করেছিল যার সুদূরপ্রসারী প্রভাব বাংলা কথাসাহিত্যে সুবিস্তৃত। বিশেষত তারাশঙ্করের কথাসাহিত্যে বৈষ্ণবধর্ম-সংস্কৃতি ও বৈষ্ণব সমাজের সার্থক প্রতিফলন ঘটেছে তাঁর 'রসকলি', 'রাইকমল', 'মালাচন্দন', 'প্রসাদমালা', 'রাধা', 'কবি', 'স্বর্গমর্ত্য', 'রাধারাণী' প্রভৃতি উপন্যাস ও ছোটগল্পে। এই উপন্যাস ও ছোটগল্পগুলি বিস্তৃত বিশ্লেষণের মধ্যে দিয়ে আমরা দেখেছি শ্রীচৈতন্যদেবের বৃহৎ গণ আন্দোলনের পটভূমিতে ব্রাহ্মণ্য সংস্কারের বিপরীতে জাতি-ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে সকল মানুষকে হরিভক্তি সূত্রে একত্রিত করার যে আদর্শ ব্রাহ্মণ-শূদ্র-চণ্ডালকে সমমর্যাদা দানে ও সাম্যের অধিকার প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ করেছিল চৈতন্যদেবের সেই উদার মানবধর্মই পরবর্তীতে যেসকল সাধারণ মানুষ মনে-প্রাণে গ্রহণ করেছিল সেই জাত বৈষ্ণব সমাজ ও সহজিয়া বৈষ্ণব সম্প্রদায়ের জীবন চিত্রের বাস্তব সত্য চিত্রের প্রতিফলনই ঘটেছে এখানে। সেইসঙ্গে রাঢ় বাংলার পটভূমিতে বৈষ্ণবীয় ভাব পরিমণ্ডল, বাউল বৈষ্ণবের

নিয়ম-কানুন, সামাজিক রীতিনীতি, আচার-বিশ্বাস-সংস্কার, আখড়া নির্মাণ, রসকলি, মালাচন্দন, মাধুকরী, সমাধি, শ্রীচৈতন্যদেব, মহাজন পদাবলী, বৈষ্ণব ভিখারী, মোহান্ত, কীর্তনীয়া প্রভৃতি নানা অনুষঙ্গে পরিপূর্ণ এই রচনাগুলি। আমরা আরও দেখেছি কীভাবে বৈষ্ণব মহাজন পদাবলী এই পল্লীবাংলার মানুষগুলির সুখ-দুঃখ, হাসি-কান্না, আনন্দ-বেদনার সঙ্গে অন্বিত হয়ে যায়। কমলিনীকে দেখে রসিকদাস গান ধরে – 'বহুদিন পরে বঁধুয়া আইল।/ দেখা না হইত পরাণ গেল।'[৮] আবার কখনওবা গায় –

"সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।"[৯]

আবার কখনো কমলিনী গুনগুন স্বরে গেয়ে ওঠে –'সখি বলিতে বিদরে হিয়া/ আমারই বঁধুয়া আন বাড়ি যায় আমারই আঙিনা দিয়া।'[১০] কেবল তাই নয় ঝুমুর দলের মেয়ে বসনের কণ্ঠেও শোনা যায় চণ্ডীদাসের পদের অনুসরণ -

"তোমার চরণে আমারই পরাণে লাগিল প্রেমের ফাঁসি,

জাতিকুলমান সব বিসর্জিয়া নিশ্চয় হইনু দাসী।"[১১]

স্বভাবতই আমরা বুঝতে পারি চণ্ডীদাসের বিখ্যাত নিম্নলিখিত এই পদটিই বসনের কণ্ঠে ভিন্নরূপে উচ্চারিত হয়েছে -

"বঁধু তুমি সে আমার প্রাণ।

দেহ মন আদি তোহারে সঁপেছি

কুল শীল জাতি মান ।।"[১২]

এইখানে আমরা লক্ষ করি বৈষ্ণব ধর্মের উদারতার সুবাদে চৈতন্যদেব নারীকেও যে কীর্তনের অধিকার দিয়েছিলেন, তারই প্রভাবে আমরা বারাঙ্গনা বসনের কণ্ঠেও বৈষ্ণব পদাবলীর সুর শুনতে পাই। আমরা দেখতে পাই চৈতন্যদেবের বৈষ্ণব ধর্মান্দোলনের প্রেক্ষিতে নারীর সাম্য,

স্বাধীনতা ও সমানাধিকারের যে পথ সূচিত হয়েছিল, তারই সুদূরপ্রসারী ফলশ্রুতি রূপে তারাশঙ্করের রচনায় নারীর আত্মপ্রতিষ্ঠার চূড়ান্ত রূপ পরিস্ফুট হয়ে উঠেছে তাঁর ‘রসকলি’, ‘রাইকমল’, ‘রাধা’, ‘স্বর্গমর্ত্য’ প্রভৃতি উপন্যাসে। আর বাংলা কথাসাহিত্যের ইতিহাসে তারাশঙ্করের সৃষ্ট রসকলি, রাইকমল, রাধা, বসন, ব্রজবাসিনী, তুলসী স্বাধীন ব্যক্তিত্বময়ী নারী চরিত্র হিসাবে উজ্জ্বল হয়ে থাকে। আমরা দেখেছি কীভাবে ‘রাধা’ উপন্যাসে একদিকে যেমন বৈষ্ণবধর্মের অবক্ষয়ের চিত্র ধরা পড়েছে অপরদিকে সেই অবক্ষয়ের বিপরীতে দাঁড়িয়ে চৈতন্যের প্রেমধর্ম তথা রাধার শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন হয়েছে বাস্তবের রাধা মোহিনী চরিত্রটির মধ্যে দিয়ে, আবার বাৎসল্য রসের ফল্গুধারা ‘স্বর্গমর্ত্য’ উপন্যাসে বোষ্টমীর জীবনকে প্রবাহিত করেছে। সর্বোপরি চৈতন্যদেবের প্রভাবে সমাজের নিম্ন বর্ণেরাও যে উত্তর চৈতন্যযুগে বিশেষ মর্যাদা লাভ করেছিল তাঁর সার্থক দৃষ্টান্ত তারাশঙ্করের ‘কবি’, ‘নিশিপদ্ম’ প্রভৃতি উপন্যাস যেখানে সমাজের প্রান্তে বসবাসকারী হীনবৃত্তিধারী মানুষগুলির উন্নততর জীবনে উত্তরণের বাস্তব চিত্র ধরা পড়েছে। প্রতিটি উপন্যাস বিস্তৃত বিশ্লেষণের মধ্যে দিয়ে আমরা এই পরিচ্ছেদের আলোচনাকে সম্পূর্ণতা দেওয়ার চেষ্টা করেছি।

তৃতীয় পরিচ্ছেদ : সরোজকুমার রায়চৌধুরীর ‘ত্রয়ী’ উপন্যাসে চৈতন্য প্রসঙ্গ

বিংশ শতকের আর এক প্রখ্যাত সাহিত্যিক সরোজকুমার রায়চৌধুরীও তাঁর উপন্যাসে রাঢ় বাংলার পটভূমিতে চৈতন্যপ্রভাবিত বৈষ্ণবজীবনের সহজ-সরল বাস্তব চিত্রই ফুটিয়ে তুলেছেন, সেইসঙ্গে ফুটিয়ে তুলেছেন তাঁর স্বতন্ত্র মানবিকতাবোধকে। বিশেষত ‘নতুন ফসলে’র ত্রয়ী উপন্যাস (‘ময়ূরাক্ষী’, ‘গৃহকপোতী’, ‘সোমলতা’) - এ ধরা পড়েছে চৈতন্যপ্রভাবিত বৈষ্ণবতার নানা ছাপ। এ প্রসঙ্গে ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন “বৈষ্ণব জীবনের সত্য চিত্র হিসাবে শ্রীযুক্ত সরোজকুমার রায়চৌধুরীর ‘ময়ূরাক্ষী’, ‘গৃহকপোতী’, ‘সোমলতা’ তিন খণ্ডে রচিত উপন্যাসাবলী উল্লেখযোগ্য। তাঁহার বৈরাগী-বৈরাগিনীরা সমাজ জীবনের সহিত বেশ সুসম্বন্ধ – অতিরিক্ত আদর্শবাদের দ্বারা স্ফীত ও বাষ্পায়িত হয় নাই। ইহারা অনেকটা উদাসীন, নীড় রচনায় ঐকান্তিক আগ্রহহীন; সমাজের

সহিত সংস্রবও অনেকটা শিথিল। মনে সংস্কারহীন মুক্তির আনন্দ, মুখে গানের ফোয়ারা, সমাজের নৈতিক শাসন অপেক্ষা স্বাধীন খেয়ালের দ্বারাই ইহাদের জীবন অধিকতর নিয়ন্ত্রিত। সাধনায় আড়ম্বর নাই, বিধিনিষেধের কঠোরতা নাই। তবে এই বৈষ্ণব সাধনা যে জীবনের উপর সত্যই প্রভাবশালী তাহা প্রমাণিত হয় চিত্তের নির্মল শান্তিতে ও পারিবারিক বন্ধনের মোহমুক্ত শিথিলতায়।"[১৩] এইভাবে শ্রীচৈতন্য প্রভাবিত বৈষ্ণব ধর্ম পরবর্তীতে সমাজজীবনে কীরূপ নেয়, সাধারণ গ্রাম্য মানুষের জীবন সাধনার সঙ্গে, জীবনযাপনের সঙ্গে বৈষ্ণব ধর্ম কীভাবে অন্বিত হয়ে যায় তারই বাস্তব সত্য চিত্র ফুটে উঠতে দেখা যায় সরোজকুমার রায়চৌধুরীর এই 'ত্রয়ী' উপন্যাসে। এ বিষয়ে আমরা চতুর্থ অধ্যায়ের তৃতীয় পরিচ্ছেদে আলোচনা করেছি। এভাবেই আধুনিক কথাসাহিত্যিকের হাত ধরে চৈতন্য-চর্চার ধারা অব্যাহত থাকে এবং চৈতন্যদেবের সুদূরপ্রসারী প্রভাব কথাসাহিত্যে ফুটে ওঠে।

পঞ্চম অধ্যায়: বিংশ শতকের দ্বিতীয়ার্ধে কথাসাহিত্যে চৈতন্যচর্চার নবনিরীক্ষণ

পঞ্চম অধ্যায়ে আমরা বিংশ শতকের দ্বিতীয়ার্ধে রচিত উপন্যাসে কীভাবে চৈতন্য ব্যক্তিত্বের নবনির্মাণ ঘটেছে, আধুনিক সামাজিক প্রেক্ষাপটে চৈতন্যদেবের প্রভাব প্রতিফলিত হয়েছে, নবনিরীক্ষণে চৈতন্যচর্চার ধারা কীভাবে বাংলা উপন্যাস শিল্পে প্রতিফলিত হয়েছে তাই নিয়েই আলোচনা করেছি। তারাশঙ্করের উপন্যাস ও ছোটগল্পে আমরা রাঢ় বাংলার পটভূমিতে বৈষ্ণব আখড়াকে কেন্দ্র করে বোষ্টম-বোষ্টমীর জীবন আবর্তিত হতে দেখেছি আর সতীনাথ ভাদুড়ী তাঁর 'দিগ্‌ভ্রান্ত' (১৯৬৬) উপন্যাসে সম্পূর্ণ ভিন্ন পটভূমিতে বৃন্দাবনের বৈষ্ণব আশ্রমকে কেন্দ্র করে তথাকথিত শহুরে জীবনযাপনে অভ্যস্ত একটি পরিবারের সদস্যদের জীবনাবর্তের ইতিবৃত্ত রচনা করেছেন। এই উপন্যাসে বৈষ্ণব ধর্ম-সংস্কৃতি, আচার-আচরণ এবং বৈষ্ণবদের আশ্রমকেন্দ্রিক জীবনের পুঙ্খানুপুঙ্খ বিবরণ রয়েছে। বৈষ্ণব আশ্রমের নিয়ম-কানুন, রীতি-নীতি, আচার-সংস্কার কীভাবে অতসীবালা, সুশীল ও মণির জীবনকে প্রবাহিত করেছে তাই নিয়েই উপন্যাসের কাহিনি। শ্রীচৈতন্য প্রবর্তিত বৈষ্ণব

ধর্ম পরিবর্তিত রূপ লাভ করে সমাজজীবনে কীভাবে প্রভাব বিস্তার করেছিল তার চিত্রই আমরা উপন্যাসে প্রতিফলিত হতে দেখি।

ষোড়শ শতাব্দীর নবজাগরণের পুরোধা চৈতন্যদেব। বাংলার সমাজ-সাহিত্য-সংস্কৃতি সর্বত্র তাঁর প্রভাব অনস্বীকার্য অথচ আশ্চর্যের বিষয় হল এই মহান ব্যক্তিত্বের তিরোধান রহস্যাবৃত। জীবৎকালেই যিনি অবতারজ্ঞানে পূজিত হয়েছেন, ঘনিষ্ঠ প্রত্যক্ষদর্শীরা যাঁর জীবনের ঘটনাবলী লিপিবদ্ধ করেছেন, ভক্তজনেরা অষ্টপ্রহর যাঁকে চোখে চোখে রেখেছেন, তাঁর তিরোধান সম্পর্কে নীরবতা সত্যিই বিস্ময়কর। আর এই বিস্ময়ের বিষয়কেই একটি রোমাঞ্চকর কাহিনীর রূপদান করেছেন ডঃ জয়দেব মুখোপাধ্যায় তাঁর ‘কাহাঁ গেলে তোমা পাই’ (১৯৭৬) উপন্যাসে। চৈতন্যদেবের তিরোধান নিয়ে তিনি চৈতন্যচরিতকার জয়ানন্দ, বৃন্দাবন দাস, লোচন দাস, মাধব পট্টনায়ক, বৈষ্ণবচরণ দাস থেকে শুরু করে রোমা রোঁলা, দীনেশ চন্দ্র সেন, বিমানবিহারী মজুমদার প্রমুখদের বক্তব্যকে যেভাবে তুলে ধরে প্রায় সিদ্ধান্তে উপনীত হয়েছেন তা কতটা যুক্তিসঙ্গত গ্রহণযোগ্য তাও আমরা বিচার-বিশ্লেষণ করে দেখিয়েছি।

আবার কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায় তাঁর ‘সাগরিক’ উপন্যাসে চৈতন্যজীবনের নানান দিক সমাজ সংস্কারক রূপে তাঁর ভূমিকা, বিধর্মী শাসকের হাত থেকে হিন্দুধর্ম রক্ষা, সর্বোপরি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বিভেদ-বৈষম্য দূর করে সাম্য ও ঐক্যবোধ প্রচার প্রভৃতি চৈতন্যদেবের নানাবিধ ভূমিকা সাম্প্রতিক কালের প্রেক্ষাপটে তুলে ধরেছেন। চৈতন্যদেবের প্রভাবে বাংলার সমাজ ও সাহিত্যে যে নবজাগরণ এসেছিল সেই প্রসঙ্গ উত্থাপন করে তিনি ‘সাগরিক’ উপন্যাসে লিখেছেন –“ কিন্তু সমাজেই বলুন আর সাহিত্যেই বলুন, বাংলাদেশে চৈতন্যই প্রথম ডিমোক্র্যাসির বন্যা এনে দিয়েছে। ··· মনের বন্ধনটা ঘুচল বলেই বাংলা সাহিত্যে কী বিরাট একটা স্বর্ণযুগ গড়ে উঠল সেই আন্দোলনকে কেন্দ্র করে। সাহিত্যের উৎকর্ষই জাতির একটা রেণেসাঁসের লক্ষণ।”[১৪] এইভাবে ঔপন্যাসিকের হাত ধরে চৈতন্যব্যক্তিত্ব নতুন মাত্রা পায় আর বাংলা কথাসাহিত্যের ধারায় চৈতন্যচর্চার ধারা অব্যাহত থাকে।

কথাসাহিত্যিক গজেন্দ্রকুমার মিত্র চিরাচরিত বিষয় নিয়েই যার উপন্যাসগুলি বিখ্যাত; শ্রীচৈতন্যদেবের জীবনী নিয়ে রচিত তাঁর উপন্যাস ‘কান্তাপ্রেম’(১৯৮৪)। কৃষ্ণদাস কবিরাজের ‘শ্রীচৈতন্যচরিতামৃতে’র মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদে আমরা দেখতে পাই গোদাবরী তীরে রায়-রামানন্দের সঙ্গে সাধ্য-সাধন তত্ত্ব আলোচনায় শ্রীচৈতন্যদেব যখন একের পর এক সাধ্যকে অতিক্রম করে এগিয়ে যেতে থাকেন তখন শেষ পর্যন্ত রামানন্দ বলেন ‘কান্তাপ্রেম সর্বসাধ্যসার’। “রায় কহে কান্তাপ্রেম সর্ব সাধ্যসার··· / পরিপূর্ণ কৃষ্ণপ্রাপ্তি এই প্রেমা হইতে / এই প্রেমের বশ কৃষ্ণ কহে ভাগবতে।”[১৫] এই সাধ্য শিরোমণি ‘কান্তাপ্রেম’ লাভের আশায় বিশ্বেশর (উপন্যাসের চরিত্র) তথা বিশ্বম্ভর চৈতন্যদেবের জীবন কীভাবে আবর্তিত হয়েছিল তাই নিয়েই গজেন্দ্রকুমার মিত্রের উপন্যাস ‘কান্তাপ্রেম’। এখানে আমরা দেখতে পাই ঔপন্যাসিক ‘শ্রীচৈতন্যচরিতামৃতে’ বর্ণিত গৌড়ীয় বৈষ্ণব রসতত্ত্বের পঞ্চরসের উপাদানকে ব্যবহার করেছেন এবং চৈতন্যচরিত্রের মধ্য দিয়ে কীভাবে এই রসগুলি উপলবদ্ধির মাধ্যমে ঈশ্বরকে লাভ করা যায় সেই পথই বর্ণনা করেছেন।

আবার বিখ্যাত ঔপন্যাসিক সমরেশ বসু ইতিহাসকে আশ্রয় করে মানবপ্রেমিক ও জনসংঘের নেতৃত্বদানকারী ব্যক্তিত্ব হিসাবে চৈতন্যচরিত্রের নবরূপায়ণ ঘটিয়েছেন তাঁর কালকূট ছদ্মনামে লেখা ‘জ্যোতির্ময় শ্রীচৈতন্য’ (১৯৮৭) উপন্যাসে। শ্রীচৈতন্যের অবতারত্বের অলৌকিকতাকে পরিহার করে ইতিহাসের প্রেক্ষাপটে বাস্তুবাদী দৃষ্টিভঙ্গি থেকে তিনটি পর্বে শ্রীচৈতন্যের বাল্যলীলা, মধ্যলীলা ও অন্ত্যলীলার ইতিহাস রচনা করেছেন। উপন্যাসে লেখক দেখিয়েছেন চৈতন্য কেবল ধর্মপ্রচারক বা অবতার নন, তিনি একজন রক্তমাংসের মানুষ। তিনি নেতা - তিনি প্রেমিক - তিনি স্বামী - তিনি সন্তান। ঔপন্যাসিকের মতে নেতৃত্বদানের নিমিত্তই চৈতন্যকে অবতারত্ব স্বীকার করতে হয়েছিল। অবতারত্বের আড়ালে যে সমাজ বদলের স্বপ্ন চৈতন্যদেব দেখেছিলেন তা প্রকৃত দেশনেতার স্বপ্ন। শচীমাতার হৃদয়কে শূন্য করে দেশমাতার জন্য শেষ পর্যন্ত নিজের জীবনকে উৎসর্গ করতে হল। চৈতন্যদেবের জীবনের অধ্যায়গুলিকে যেমন একজন সাধারণ মানুষের সঙ্গে মিলিয়ে দেখে তাঁকে করে তোলা যায় ঘরের ছেলে, আবার বর্তমান যুগসংকটের মধ্যে দাঁড়িয়ে তাঁর মত দেশপ্রেমিক বিপ্লবীর গুরুত্বও আমরা অস্বীকার করতে পারি না। ইতিহাসের আশ্রয় নিয়ে

ঔপন্যাসিক দেখান যে জনমনে তাঁর নেতৃত্ব, তাঁর জনপ্রিয়তা তাঁকে মৃত্যুর দিকে টেনে নিয়ে গেছে। কিন্তু তিনি চিরকালের ‘জ্যোতির্ময় শ্রীচৈতন্য’ হয়ে বেঁচে থাকেন মানুষের মনে।

ষষ্ঠ অধ্যায় : একবিংশ শতকের উপন্যাসে নববীক্ষণে চৈতন্য ব্যক্তিত্ব

এভাবেই কথাসাহিত্যিকের হাত ধরে চৈতন্যদেবের প্রভাব ও চৈতন্যচর্চার ধারা নব নব রূপে নবতাৎপর্যে একবিংশ শতকেও বাংলা উপন্যাস শিল্পে প্রতিফলিত হয়ে ওঠে। একবিংশ শতকের দোরগোড়ায় দাঁড়িয়ে আজও চৈতন্যদেবের প্রভাব অনস্বীকার্য। তাঁকে নিয়ে রচিত হয়ে চলেছে একের পর এক উপন্যাস। কোথাওবা নায়করূপে চৈতন্যব্যক্তিত্বের বিনির্মাণ ঘটেছে, কোথাওবা তাঁর পদরেণুধন্য বিশিষ্ট স্থানগুলি নিয়ে উপন্যাস রচিত হয়েছে, কোথাও বা তাঁর সমসময়কে কেন্দ্র করে বিভিন্ন পটভূমিতে ঔপন্যাসিকের কল্পনা আবর্তিত হয়েছে। আবার চৈতন্যদেবের বিরাট ব্যক্তিত্বের প্রভাবে কোনো কোনো উপন্যাস যেন হয়ে উঠেছে বর্তমানের প্রেক্ষিতে মধ্যযুগের নবনির্মাণ। আমাদের গবেষণা পত্রের ষষ্ঠ অধ্যায়ে আমরা ‘একবিংশ শতকের উপন্যাসে নববীক্ষণে চৈতন্য ব্যক্তিত্ব’এর প্রভাব নিয়ে আলোচনা করেছি।

এ প্রসঙ্গে উল্লেখ্য ২০০১ সালে শ্রীচৈতন্যদেবের পাঁচশত বৎসর পূর্তি উপলক্ষে রচিত ডঃ দীপক চন্দ্রের ‘সচল জগন্নাথ শ্রীকৃষ্ণচৈতন্য’ উপন্যাসটি। ষোড়শ শতাব্দীতে শ্রীচৈতন্যদেবের প্রভাবে সমাজজীবনে যে প্রতিবাদ ও আন্দোলনের সূত্রপাত হয়েছিল, যে মানবতার প্রতিষ্ঠা হয়েছিল, কালক্রমে ভক্তের দৃষ্টিতে ভক্তির আড়ালে চৈতন্যদেবের উপর অবতারত্ব দেবত্বের মহিমা আরোপিত হওয়ায় চৈতন্যচরিত্রের সেই মনুষ্যোচিত ভূমিকা মেঘাচ্ছন্ন হয়ে পড়ে। তাই চৈতন্যচরিতকারদের অলৌকিক ঘটনাগুলিকে যথাসম্ভব পরিহার করে ডঃ দীপক চন্দ্র তাঁর উপন্যাসে চৈতন্যদেবের জীবনের একটি বাস্তব সত্য চিত্র রচনা করেছেন। যেখানে তিনি চৈতন্যদেবের প্রতিবাদী গণশক্তির জাগরুক সত্তার পরিচয় বিধৃত করেছেন, চৈতন্যদেবের সাম্য ও সৌভ্রাতৃত্ববোধ প্রচারের মাধ্যমে জনগণকে সংঘবদ্ধ করার চিত্র রচনা করেছেন, হিন্দুধর্মকে রক্ষার জন্য চৈতন্যদেবের সন্ন্যাসের পটভূমি রচনা করেছেন।

আর এভাবেই ‘সচল জগন্নাথ শ্রীকৃষ্ণচৈতন্য’ হয়ে উঠেছে স্বাধীনতা সংগ্রামের এক বিপ্লবী নায়কের আখ্যান। এখানেই উপন্যাসের প্রাসঙ্গিকতা, অভিনবত্ব।

আবার, চৈতন্যদেবের গৌড় তথা রামকেলি পরিভ্রমণকে কেন্দ্র করে সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে ঐতিহাসিক পটভূমিতে রচিত অভিজিৎ সেনের উল্লেখযোগ্য উপন্যাস ‘রাজপাট ধর্মপাট’(২০০৮)। একদিকে গৌড় উড়িষ্যার মুসলিম ও হিন্দু রাজার সংঘাত রাজপাটের নিজস্ব নিয়মে, অন্যদিকে চৈতন্যের নেতৃত্বে ধর্মপাট, এই দুয়ের মেলবন্ধনে এক ক্রান্তিকালের ছবি এঁকেছেন লেখক অভিজিৎ সেন এই উপন্যাসে। চৈতন্যদেবের গৌড়ে আগমন, রূপ সনাতন উদ্ধার, চৈতন্যদেবের সর্বধর্ম সমন্বনয়ের আদর্শ কীভাবে একটা সময়ের অস্থির জীবনাদর্শের মাঝে লক্ষ লক্ষ মানুষকে একত্রিত করল, তাদের উদ্ধারের নিমিত্ত চৈতন্যদেবকে অবতারত্ব গ্রহণ করতে হল, রাজপাটের সঙ্গে কীভাবে ধর্মপাট একাত্ম হয়ে গেল তার পুঙ্খানুপুঙ্খ বিবরণ লিপিবদ্ধ হয়েছে এই উপন্যাসে। আর এভাবে ‘রাজপাট ধর্মপাট’ উপন্যাসটি যেন হয়ে উঠেছে বর্তমানের প্রেক্ষিতে মধ্যযুগের নবনির্মাণ।

হাজার বছরের বাঙালি জাতির ইতিহাসে এখনো পর্যন্ত শ্রেষ্ঠ মানুষ শ্রীচৈতন্য। নবদ্বীপে তিনি গৌরাঙ্গ, গৌর, গোরা নামে পরিচিত। এই গোরা তথা শ্রীচৈতন্যদেবকে নিয়েই শৈবাল মিত্র লিখলেন তাঁর সুদীর্ঘ ও সর্ববৃহৎ উপন্যাস ‘গোরা’ (২০১২)। এই উপন্যাসে লেখক তিন যুগের গোরার মধ্যে সমন্বয় সাধন করেছেন। এযুগের গোরা যে উচ্চবিত্ত ঘরের ছেলে বাংলা ইংরেজী মিশিয়ে কথা বলে, রবীন্দ্রনাথের ‘গোরা’ উপন্যাসের গোরা, আর মধ্যযুগের গোরা শ্রীচৈতন্যদেব – এই ত্রিস্তরের বিন্যাসে কীভাবে গোরা উপন্যাসের কাহিনী বিধৃত হয়েছে তাই আমরা এখানে আলোচনা করেছি। উপন্যাসের মধ্যে অন্য এক চৈতন্যকে অনুসন্ধান করেছেন লেখক; ভক্তের চৈতন্য ও ইতিহাসের চৈতন্য এই দুইয়ের মাঝে যে অন্তর্লীন অচেনা চৈতন্য তাঁকেই অনুসন্ধান করেছেন লেখক উপন্যাসে।

শ্রীচৈতন্যদেবের পাঁচশো পঁচিশ বছর স্মরণে রেখে তাঁর অন্তর্ধান রহস্য নিয়ে রূপক সাহা লিখেছেন ‘ক্ষমা কর হে প্রভু’(২০১৩)। চৈতন্যদেবের মৃত্যু রহস্য বর্তমানে একটি

বহু আলোচিত ও বিতর্কিত বিষয়। অনেকেই এই বিষয় নিয়ে লিখেছেন ঠিকই তবে এই বিষয়টিকে কেন্দ্র করে রূপক সাহা যেভাবে ঘটনাগুলিকে সাজিয়েছেন তাতে, তাঁর যথেষ্ট অনিসন্ধিৎসু মনের পরিচয় পাওয়া যায়। মধ্যযুগের চৈতন্যচরিতকাব্যগুলি যেমন তিনি অনুসরণ করেছেন, উড়িয়া মালিকা সাহিত্য থেকে উপাদান নিয়েছেন তেমনি সাম্প্রতিককালে চৈতন্যচর্চার ধারাকেও তিনি গ্রহণ করেছেন। এ প্রসঙ্গে উল্লেখ্য উপন্যাসের মধ্যেই তিনি দলিত সম্প্রদায়ের বঞ্চনা, মতুয়া সম্প্রদায়, পুরীর দেবদাসী প্রথা, চৈতন্য বিরোধী চক্রের সক্রিয়তা, চৈতন্যদেবের পুনর্জন্ম নিয়ে গবেষণা প্রভৃতি বিবিধ বিষয়ের বিস্তারিত বিবরণ দিয়েছেন। বর্তমানের প্রেক্ষাপটে অতীতের রূপরেখা রচনা করে লেখক একই সঙ্গে যেমন ষোড়শ শতকের পটভূমিতে চৈতন্যদেবের জীবন বৃত্তান্ত রচনা করেছেন, তেমনি বর্তমান সময়ের প্রেক্ষিতে চৈতন্যদেবের আদলে দলিত সম্প্রদায়ের নেতা রূপে গোরা চরিত্রকে নির্মাণ করে সমসময়কে রূপদান করেছেন।

আবার চৈতন্যদেবের পদরেণুধন্য পানিহাটি গ্রামকে কেন্দ্র করে ২০১৪ সালে প্রকাশিত হয় সাধন চট্টোপাধ্যায়ের উল্লেখযোগ্য উপন্যাস ‘পানিহাটা’। একদা শ্রীচৈতন্যদেব গৌড় পরিভ্রমণের পর নীলাচল প্রত্যাবর্তনের পথে পানিহাটিতে রাঘব পণ্ডিতের গৃহে উপস্থিত হয়ে শাকান্ন ভোজন করেন। চৈতন্যদেবের পানিহাটি আগমন ও সেই সূত্রে সোদপুরের পানিহাটা জনপদের পাঁচশ বছরের ইতিহাসকে লেখক এখানে সাহিত্যরূপ দান করেছেন। পানিহাটি গ্রামটি গঞ্জত্ব হারিয়ে মফফসল থেকে ধীরে ধীরে শহর হয়ে উঠলেও তা যে আজও চৈতন্যদেবের ঐতিহ্য বহন করে চলেছে; এই প্রসঙ্গে অতীত বনাম বর্তমানের বিভিন্ন দ্বন্দ্বে লেখক সমাজজীবনের বিভিন্ন প্রান্তকে ছুঁয়ে গেছেন। সেইসঙ্গে বৈষ্ণবদের কৃষ্ণ নামের মাহাত্ম্য, মধুর রসের ভজনা, সখিভাবে ভজনা, গৌর নাগরী ভাবে ভজন পূজন, শ্রীচৈতন্যের নেতৃত্বে সংকীর্তন, মহোৎসব প্রভৃতি বর্ণনার মধ্যে দিয়ে লেখক ‘পানিহাটা’ উপন্যাসে চৈতন্য-সংস্কৃতির নবতর ব্যঞ্জনা উপস্থাপন করেছেন। এ প্রসঙ্গে উল্লেখ্য ড. সত্যবতী গিরি ‘আধুনিক বাংলা উপন্যাসে চৈতন্যজীবনের উপাদান’ প্রবন্ধে বলেছেন “ পানিহাটা উপন্যাসে সাধন চট্টোপাধ্যায়ের একটি বিষয় লক্ষণীয়, তিনি প্রাক-ঔপনিবেশিক পর্বের বাংলার যে জনপদ এক একটি সাংস্কৃতিক ইতিহাসের প্রভাবে গড়ে উঠেছিল সেটাই এখানে বলতে চেয়েছেন। যে কারণে রবীন্দ্রনাথের পেনেটির বাগানবাড়িতে থাকার প্রসঙ্গগুলি খুব লোভনীয় হওয়া সত্ত্বেও

ঔপন্যাসিক বাদ দিয়েছেন। তার মানে ঔপন্যাসিক পানিহাটায় চৈতন্য-সংস্কৃতি কতটা গভীর সেটাকেই তিনি দেখাতে চেয়েছেন।"[১৬]

এছাড়া আমাদের গবেষণায় উঠে এসেছে আরও বেশ কিছু উপন্যাসের আলোচনা। চৈতন্যদেবের সমসাময়িক গৌড়বঙ্গের প্রেক্ষাপটে রচিত নন্দিনী চট্টোপাধ্যায়ের লীলা পুরস্কার প্রাপ্ত উপন্যাস 'চেনা পথ অচেনা পথিক' যেখানে গৌড়ের ইতিহাসের সঙ্গে যুক্ত মানুষগুলির ব্যক্তিগত সুখ-দুঃখ, আশা-আকাঙ্খা, প্রেম-অপ্রেমের কথামালাই উপন্যাসের উপজীব্য হয়ে উঠেছে।

অলখ মুখোপাধ্যায়ের 'এক জন্মেই জন্মান্তর' (২০১৪) যেখানে নিমাইয়ের জীবন-দর্শন, অনুভব, উপলব্ধিকে লেখক যেমন নতুনভাবে তুলে ধরেছেন তেমনি ষোড়শ শতাব্দীর পটভূমিতে নবদ্বীপের সামাজিক, অর্থনৈতিক প্রাচুর্য, ব্যবসা-বাণিজ্য প্রভৃতি বিবিধ বিষয়কে শিল্প রূপ দিয়েছেন মনসামঙ্গল ও চণ্ডীমঙ্গলের পটভূমিকে অবলম্বন করে।

চৈতন্যদেবের আদিলীলা নিয়ে রচিত কিন্নর রায়ের 'শ্রীচৈতন্য কথা' (২০১৮) যেখানে চৈতন্যের জন্মের পূর্ববর্তী শচীর মৃত অষ্টকন্যার জন্ম রহস্য নিয়ে লেখকের কল্পনা আবর্তিত হয়েছে, সেইসঙ্গে শ্রীচৈতন্য, তাঁর পরিবার, পূর্বপুরুষ-পূর্বনারীদের আবাসভূমি অখণ্ড বঙ্গের শ্রীহট্টের ঢাকা দক্ষিণের কথা, কুশিয়াড়া নদীর বিবরণ সুনিপুণভাবে চিত্রিত হয়েছে এবং হাল আমলে বসন্ত লস্করের 'মিথের মানুষ শ্রীচৈতন্য'(২০২০) যেখানে গ্রাম বাংলার পটভূমিতে বেড়ে ওঠা একটি নিতান্ত সাধারণ ছেলে নিমাইয়ের প্রেম-ভালবাসা, বিরহ-যন্ত্রণা এবং পরিশেষে জননায়ক হয়ে ওঠার ইতিবৃত্ত বর্ণিত হয়েছে একেবারে সহজ-সরল ভাষায়। এই উপন্যাসগুলি পর্যালোচনার মাধ্যমে আমরা দেখানোর চেষ্টা করেছি কীভাবে ঔপন্যাসিকের কলমে বাংলা কথাসাহিত্যে একদিকে যেমন চৈতন্যদেবের সুদূরপ্রসারী প্রভাব প্রতিফলিত হয়ে ওঠে, চৈতন্য সংস্কৃতির ধারা অব্যাহত থাকে অপরদিকে চৈতন্যব্যক্তিত্বের নবনির্মাণ ও বিনির্মাণ বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করে চলে।

সপ্তম অধ্যায় : বাংলা ছোটগল্পে চৈতন্য প্রসঙ্গ ও বৈষ্ণব অনুষঙ্গ

ছোটগল্প যা অনন্তে প্রসৃত মানব জীবনের রূপকে একটি মুহূর্তের অতলে একান্ত করে ব্যঞ্জিত করে তোলে সেই ছোটগল্পেও বিবিধ প্রসঙ্গে ঘুরে ফিরে এসেছে চৈতন্যদেবের প্রসঙ্গ ও বৈষ্ণব ধর্ম-সংস্কৃতির নানা অনুষঙ্গ। ছোটগল্পের প্রথম যথার্থ শিল্পী রবীন্দ্রনাথ ঠাকুর থেকে শুরু করে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, মহাশ্বেতা দেবী প্রমুখ স্বনামধন্য কথাশিল্পীদের রচিত বিবিধ ছোটগল্প নিয়ে আলোচনা করেছি।

এ প্রসঙ্গে প্রথমেই সবুজপত্র পত্রিকায় প্রকাশিত 'বোষ্টমী' গল্পটির উল্লেখ করা যেতে পারে। এই গল্পে রবীন্দ্রনাথ আনন্দি বোষ্টমীর মধ্য দিয়ে যথার্থ বৈষ্ণবের এক স্বতন্ত্র রূপ ফুটিয়ে তুলেছেন। বোষ্টমীর সহজ সরল জীবনধারণ, কথাবার্তা, ব্যবহার, ঈশ্বরের প্রতি অকুন্ঠ ভক্তি, যে কোনো সুন্দরের মধ্যে ভগবানের প্রকাশ উপলব্ধি – তাকে যথার্থ বৈষ্ণবীয় প্রেমের মূর্তিস্বরূপিনী করে তুলেছে। লেখক তাঁর মধ্য দিয়ে এক নৈব্যক্তিক সর্বজনীন প্রেমভক্তির রূপ উপলব্ধি করেছিলেন। এই প্রসঙ্গে হেমন্তবালা দেবীকে একটি চিঠিতে তিনি লিখেছিলেন ---" মানুষের সেবাতেই ঈশ্বরের সেবা। শিলাইদহের বৈষ্ণবীর আচরনে এই সত্যের আভাস পেয়েছিলাম।"[১৭] গল্পে বোষ্টমীর কথাতেও তারই উল্লেখ রয়েছে " তাহার কথাটা এই যে, শুধু মত লইয়া কী হইবে- সত্য যে চাই। ভগবান সর্বব্যাপী। এটা একটা কথা, কিন্তু যেখানে আমি তাহাকে দেখি সেখানেই তিনি আমার সত্য।"[১৮] জীবের মধ্য দিয়েই যে রসস্বরূপ ঈশ্বরের প্রকাশ বৈষ্ণবীর ব্যবহারে রবীন্দ্রনাথের কাছে তা আলোর মত স্পষ্ট হয়ে উঠেছিল।

আনন্দী বোষ্টমীর বৈষ্ণবতা শাস্ত্রীয় নয়, প্রাকৃত। সে তার গুরুকে দেখেছে গৌরের মূর্তিতে কিন্তু গুরু তার ভক্তির মান রক্ষা করতে পারে নি। উন্মুক্ত হয়ে পড়েছে ধর্মাধিকারি গুরু ঠাকুরের গোপন লালসাবৃত্তি। পরিণামে সংসার ত্যাগ করতে হয়েছে আনন্দী বোষ্টমীকে। রবীন্দ্রনাথ বার বার সচেতন করে দিয়েছেন যে রসসম্ভোগের মাত্রাতিরিক্ততা পরিণামে বিকারের রূপ নেয়। এর দৃষ্টান্ত আমরা 'চতুরঙ্গ' উপন্যাসে নবীনের স্ত্রীর আত্মহত্যার মধ্যে, 'উদ্ধার' গল্পে গৌরীর বিষপান করে সহমৃতা হওয়ার ঘটনাতেও দেখতে পাই। বৈষ্ণবধর্মের এই দুর্বলতার দিকটি সম্পর্কে চৈতন্যদেবও ওয়াকিবহাল ছিলেন। এজন্য তিনি নিজে যেমন কঠোর সংযম

রক্ষা করে চলতেন, তেমনি শিষ্যদেরও সংযমী জীবনযাপনে অনুপ্রাণিত করতেন।

